

২য় কার্যনির্বাহী সভায় আলোচনা সমূহ ও সিদ্ধান্ত

তারিখঃ ০৬-০৯-২০২৪ইং

স্থানঃ স্কুলের ১০৪নং কক্ষে

সূত্রঃ (২০২৪-২০২৭) নিসস/০০২

সভায় সভাপতি করেন সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ।

প্রথমে (১৯৭৯) মুফতি মোঃ ইসহাক পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং একটি হাদিস পড়ে শোনান।

উপস্থাপনা করেন (১৯৯২) মোঃ তারিক সিরাজ।

কোষাধ্যাক, মুফতি মোঃ ইসহাক:

- প্রথমেই তিনি নির্বাচন কমিশন থেকে শুরু করে লোগো উন্মোচন অনুষ্ঠান পর্যন্ত মোট আয় এবং মোট ব্যয়ের হিসাব পেশ করেন।
- বন্যার ফান্ড কালেকশন কত জমা হয়েছে এবং কে কত টাকা করে অনুদান করেছেন তা সংক্ষেপে আলোচনায় পেশ করেন।
- বার্ষিক চাঁদা কে পরিশোধ করেছেন আর কে পরিশোধ করেন নাই তা সংক্ষেপে বলেন।
- পরিশেষে বন্যা ফান্ড কালেকশন এবং যারা বার্ষিক চাঁদা বকেয়া আছে তাদের বকেয়া পরিশোধ করার জন্য অনুরোধ করেন।
- নতুন দুটি পদ সৃষ্টি করে (আইন বিষয়ক সচিব এবং প্রবাসী ও জনকল্যান সচিব) গঠনতন্ত্র সংশোধনের ব্যাপারে আলোচনা করেন।

সহ সভাপতি, এ. টি. এম. কামাল হোসেন:

- বন্যায় দুর্গতদের এখন পুনর্বাসন জন্য নগদ অর্থ প্রয়োজন।
- বন্যা ফান্ড কালেকশন করে তা প্রধান উপদেষ্টা দ্বারা হস্তান্তর করা উচিত।
- কোন প্রকার রাজনৈতিক আলাপ আলোচনা এসোসিয়েশনের ভেতরে করা হলে তিনি এসোসিয়েশনে থাকবেন না বলে যানান। রাজনৈতিক আলাপ আলোচনা এসোসিয়েশনের ভেতরে করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া প্রয়োজন।
- পদত্যাগকৃত চারটি শূন্য পদ পূরণ এবং এসোসিয়েশনের প্রয়োজনে টেকনো সিস্টেমে কোন সদস্য নিয়োগ করতে হলে গঠনতন্ত্র সংশোধন করতে হবে এব্যাপারে আলোচনা করেন।

যুগ্ম মহাসচিব, মাহাবুব রাশেদ রুবেল:

- এগ্জিভিটির মাধ্যমে বন্যায় দুর্গতদের দাড়ানো উচিত।
- দুইটি ব্যাংক একাউন্ট প্রয়োজন একটি জাকাত ফান্ড অন্যটি সাধারণ ফান্ড। সাধারণ ফান্ডে বছরের সব সময় সবাই অর্থ প্রদান করবে।
- গঠনতন্ত্রে এসোসিয়েশনের নামের বানান, লোগো, টেকনো সিস্টেমে সদস্য নিয়োগ সহ বিভিন্ন ধারা সংশোধন এবং শূন্য চারটি পদ পূরণের ব্যাপারে আলোচনা করেন। নতুন দুটি পদ (আইন বিষয়ক সচিব এবং প্রবাসী ও জনকল্যান সচিব) সৃষ্টি করা যেতে পারে এ ব্যাপারে আলোচনা করেন।

২য় কার্যনির্বাহী সভায় আলোচনা সমূহ ও সিদ্ধান্ত

ক্রিয়া সচিব, শাহাদাত হোসেন:

- দেশের বর্তমান পরিস্থিতির কারণে ক্রিকেট টুর্নামেন্ট অনেক পিছিয়ে গেছে তাই যত তারাতারি সম্ভব শুরু করা।
- সকলের কাছে আহ্বান কিভাবে এই পরিস্থিতির মোকবেলা করে যায় এবং করণীয় কী তা সকলের কাছ থেকে বুদ্ধি পরামর্শ চান।
- সকলকে প্রতিটি খেলায় উপস্থিত থেকে খেলাটি উপভোগ করার জন্য বলেন।
- নতুন দুটি পদ (আইন বিষয়ক সচিব এবং প্রবাসী ও জনকল্যান সচিব) সৃষ্টি করে গঠনতন্ত্রের অন্যান্য ধারা সংশোধন করা যেতে পারে এ ব্যাপারে আলোচনা করেন।

সহ ক্রিয়া সচিব, আজিজুল হক রাজু:

- আবহাওয়ার কারণে মাঠের অবস্থা খারাপ হওয়ায় ক্রিকেট টুর্নামেন্ট এর জন্য বাজেট এর তুলনাই অর্থ বেশী প্রয়োজন। সেই ঘাটতি সকলে ডোনেশন করলে থাকবে না।
(অনেকেই সেই অর্থ ডোনেশন করতে রাজি হন)
- প্রতি শুক্রবার খেলার পাশাপাশি সাউন্ড বক্স থাকবে। সাউন্ড বক্স এর মাধ্যমে ১৫০ বছরের রেজিস্ট্রেশনে অ্যানাউন্সমেন্ট দেওয়া হবে।
- খেলার পাশাপাশি ১৫০ বছরের রেজিস্ট্রেশন এর কাজ চালিয়ে যাওয়া লাগবে।

মহাসচিব, আসলাম পারভেজ মিঠু:

- সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানায়।
- ব্যক্তিগত কারণ দেখিয়ে এ্যালামনাই এসোসিয়েশন কমিটি থেকে ৪ জন পদত্যাগ করেন এবং তাদের পদত্যাগ পত্র কমিটির নিকট জমা দেয়।
 ১. মোহাম্মদ আলী রুবেল (যুগ্ম মহাসচিব)
 ২. মোঃ আকিল উদ্দিন (প্রচার ও জনসংযোগ সচিব)
 ৩. মোঃ সিরাজউদ্দিন বাবু (দপ্তর ও পাঠাগার সচিব)
 ৪. মোঃ শহিন (নির্বাহী সদস্য)
- সভায় উপরোক্ত চার জনের পদত্যাগ পত্র সকলের সম্মতিক্রমে গ্রহন করে চারটি পদ শূন্য ঘোষণা করেন। চারটি শূন্য পদ পূরণের জন্য আলোচনা করেন।
- টেকনো সিস্টেমে সদস্য নিয়োগ, এসোসিয়েশনের নতুন পদ সৃষ্টি, গঠনতন্ত্র সংশোধনের ব্যাপারে সকলের সাথে আলোচনা করে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় সিদ্ধান্ত নেওয়া হবে বলে আলোচনা করেন।

সভাপতির সিদ্ধান্ত ও সমাপ্ত ঘোষণা :সভাপতি, কাজী মোহাম্মদ রহমতউল্লাহ

- বন্যায় দুর্গতদের অর্থ সংগ্রহে আগামী ১০শে সেপ্টেম্বর পর্যন্ত চলবে। এরপরে মোট অর্থ সংযোগ সবাইকে জানিয়ে পরবর্তী কর্মসূচী জানিয়ে দেওয়া হবে।
- নির্বাচন কমিশন থেকে শুরু করে লোগো উন্মোচন পর্যন্ত মোট আয় এবং মোট ব্যয়ের বিস্তারিত হিসাব করো যদি প্রয়োজন হয় তাহলে Whatsapps গ্রুপের দেওয়া হবে।
- ক্রিকেট টুর্নামেন্ট দিয়েই ১৫০ বছরের অনুষ্ঠান শুরু হবে ইনশাআল্লাহ।

২য় কার্যনির্বাহী সভায় আলোচনা সমূহ ও সিদ্ধান্ত

- সকলের সার্বিক সহযোগিতার মাধ্যমে ১৫০ বছর অনুষ্ঠান সফল করা সম্ভব।
- ১৫০ বছরের অনুষ্ঠান অনেক পিছিয়ে গেছে। তাই যত তারাতারি শুরু করা যায় ততই আমাদের ভালো।
- ব্যক্তিগত কারণ দেখিয়ে অ্যালামনাই এসোসিয়েশন কমিটি থেকে যে ৪ জন পদত্যাগ করেছেন সকলের সম্মতিক্রমে তা গ্রহণ করা হলো।
- টেকনো সিস্টেমে সদস্য নিয়োগ, এসোসিয়েশনের নতুন পদ সৃষ্টি, গঠনতন্ত্রের বিভিন্ন ধারা সংশোধন করা পরবর্তি কার্যনির্বাহী কমিটির সভায় আলোচনা করে পাস করানো হবে।
- আগামী শুক্রবার থেকে ১৫০ বছরের রেজিস্ট্রেশন শুরু হবে ইনশাআল্লাহ,।
- সকলে উপস্থিত থেকে মূল্যবান মতামত দিয়ে এবং উপরোক্ত সিদ্ধান্ত গুলো পাস করানো বিষয়ে সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ দিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ

সভাপতি

এ্যালামনাই এসোসিয়েশন

ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু

মহাসচিব

এ্যালামনাই এসোসিয়েশন

ঢাকা গভ. মুসলিম হাই স্কুল